22 September 2023

## International & National News

| | |
|---|---|
| আদমশুমারি এবং ডিলিমিটেশন | প্রসঙ্গ<br><br>সরকার 2024 সালের লোকসভা নির্বাচনের পরবর্তীতে সম্ঘটিত আদমশুমারি এবং ডিলিমিটেশনের কাজ সম্পন্ন করার পরেই মহিলা সংরক্ষণ বিলের বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহন করেছে।<br><br>আদমশুমারি সম্পর্কিত তথ্য:<br><br>• আদমশুমারি হল একটি নির্দিষ্ট সময়ের পরিপ্রেক্ষিতে দেশের সকল ব্যক্তির সাথে সম্পর্কিত জনসংখ্যাগত তথ্য, সামাজিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক তথ্যের সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ এবং প্রচার করার প্রক্রিয়া।<br><br>• এটি সকল স্তরে মানব সম্পদ, জনসংখ্যা, সংস্কৃতি এবং অর্থনৈতিক কাঠামোর অবস্থানের মৌলিক পরিসংখ্যান প্রদান করে থাকে।<br><br>• 1881 সালে ব্রিটিশ শাসনকালে প্রথম সিঙ্ক্রোনাস আদমশুমারি করা হয়, ডব্লিউ.সি. প্লোডেন ছিলেন ভারতের প্রথম আদমশুমারি কমিশনার।<br><br>• দশক ভিত্তিক আদমশুমারি পরিচালনার দায়িত্ব ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং সেন্সাস কমিশনারের, যা স্বরাষ্ট্র মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন।<br><br>ডিলিমিটেশন -<br><br>• ডিলিমিটেশন হল একটি দেশের আঞ্চলিক নির্বাচনের ক্ষেত্রে সীমানা পুনর্নির্মাণের প্রক্রিয়া।<br><br>• এটি জনসংখ্যার পরিবর্তনকে নির্দেশ করে।<br><br>• সংবিধান অনুযায়ী ডিলিমিটেশন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত এবং আদালতে এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা যায় না।<br><br>• ডিলিমিটেশন কমিশন তার আদেশগুলি লোকসভা বা রাজ্য বিধানসভার সামনে পেশ করার পরে তারা তা সংশোধন করতে সক্ষম নয়। |
| ডিলিমিটেশন কমিশন সম্পর্কে | মূল কিছু পয়েন্ট:<br><br>• ডিলিমিটেশন বলতে আক্ষরিক অর্থে একটি দেশের আঞ্চলিক নির্বাচনী এলাকার সীমা বা সীমানা নির্ধারণের কাজ ও তার প্রক্রিয়াকে বোঝায়।<br><br>• ভারতে ডিলিমিটেশন কমিশন আইনের অধীনে এই প্রকার ডিলিমিটেশন কমিশন এখনও পর্যন্ত 4 বার |

| | |
|---|---|
| | গঠিত হয়েছে।<br><br>● 1952 সালের ডিলিমিটেশন কমিশন আইনের অধীনে 1952 সালে প্রথমবার ডিলিমিটেশন কমিশন গঠিত হয়।<br><br>● সংবিধানের ধারা 82 এবং 170 অনুযায়ী লোকসভা এবং রাজ্য সভার জন্য অবশ্যই সংসদকে ডিলিমিটেশন কমিশন আইন পাস করতে হয়।<br><br>তুমি কি জান**?**<br><br>● এটি রাষ্ট্রপতি দ্বারা নিযুক্ত হয়ে থাকে।<br><br>● পদাধিকারবলে কমিশনের সদস্যরা হলেন -<br><br>1. সুপ্রিম কোর্টের একজন বিচারক<br><br>2. ভারতের প্রধান নির্বাচন কমিশনার<br><br>3. সংশ্লিষ্ট রাজ্যের নির্বাচন কমিশনার |
| মহাকর্ষীয় অস্থিরতা ছায়াপথের বিবর্তনকে প্রভাবিত করতে পারে<br><br><br> | প্রসঙ্গ<br><br>ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ অ্যাস্ট্রোফিজিক্স (IIA) দ্বারা পরিচালিত একটি সমীক্ষা ছায়াপথের বিবর্তনের সঙ্গে মহাকর্ষীয় অস্থিরতা কীভাবে সম্পর্কযুক্ত তা বুঝতে সাহায্য করবে।<br><br>গুরুত্বপূর্ণ দিকগুলি**-**<br>● সমীক্ষাটি কাছাকাছি অবস্থিত ছায়াপথগুলিতে মহাকর্ষীয় অস্থিরতার বৃদ্ধির জন্য নতুন মতুন তারা সৃষ্টির হার, গ্যাসের পরিমান এবং টাইমস্কেলকে অধ্যায়ন করেছে।<br>● এটি স্পিটজার ফটোমেট্রি এবং অ্যাকুরেট রোটেশন কার্ভ (SPARC) ডেটাবেস থেকে সংগৃহিত 175 টি ছায়াপথের নমুনার স্থিতিশীলতার মাত্রাকেও অনুসন্ধান করছে।<br>● এই গবেষণাটি গবেষকদের ছায়াপথের স্থিতিশীলতার মাত্রা নিয়ন্ত্রণে ডার্ক ম্যাটারের ভূমিকেও খুঁজে বের করতে সাহায্য করতে পারে।<br><br>তুমি কি জান**?**<br><br>● এই সমীক্ষাটি নিকটবর্তী ছায়াপথগুলির স্থিতিশীলতার মাত্রাকে তুলনা করে গ্যালাক্সির বিবর্তনে মহাকর্ষীয় অস্থিরতার ভূমিকাকে বুঝতে সাহায্য করবে**।** |
| আব্রাহাম চুক্তির তিন বছর সম্পন্ন হল | প্রসঙ্গ<br>● 2023 সালের সেপ্টেম্বর মাসে মার্কিন সরকারের পৃষ্ঠপোষকতায় ইজরায়েল, সংযুক্ত আরব আমিরশাহী (UAE) এবং বাহরাইনের মধ্যে স্বাক্ষরিত আব্রাহাম চুক্তির তিন বছর পূর্ণ হল।<br><br>মূল কিছু পয়েন্ট: |

| | |
|---|---|
| | • আব্রাহাম চুক্তির কারণস্বরূপ ইজরায়েল এবং অন্যান্য পশ্চিম এশিয়ার দেশগুলির মধ্যে বাণিজ্য 74% বৃদ্ধি পেয়েছে।<br>• পর্যটনও বৃদ্ধি পেয়েছে কারণ সংযুক্ত আরব আমিরশাহীতে ইজরায়েল থেকে পর্যটকের সংখ্যা 172% বৃদ্ধি পেয়েছে।<br><br>আব্রাহাম চুক্তি সম্পর্কিত তথ্য:<br><br>• এটি কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক করার জন্য ইজরায়েল, সংযুক্ত আরব আমিরশাহী, বাহারিন, সুদান এবং মরক্কোর মধ্যে স্বাক্ষরিত চুক্তির একটি অংশ বিশেষ।<br>• মার্কিন যুক্তরাষ্ট্রের পৃষ্ঠপোষকতায় করা এই চুক্তিটি ইরানকে মোকাবিলা করার জন্য দেশটির আঞ্চলিক নিরাপত্তা এজেন্ডার একটি অংশ।<br>• আব্রাহাম চুক্তির অংশ হিসাবে ইজরায়েল প্যালেস্টাইন ভূখণ্ডের পুনঃসংযুক্তিকরণ বন্ধ করতে সম্মত হয়।<br><br>তুমি কি জান**?**<br>• "আব্রাহাম",এই চুক্তিটি, যার সম্মানে করা হয় তিনি ছিলেন ইহুদি, খ্রিস্টান এবং ইসলামের একপ্রকার পিতৃপুরুষ। |
| **NMET** দ্বারা অনেকগুলি খনিজ অনুসন্ধান প্রকল্পের অনুমোদন করা হয়েছে | প্রসঙ্গ<br>ন্যাশনাল মিনারেল এক্সপ্লোরেশন ট্রাস্ট (NMET) ₹2,100 কোটি টাকার 309 টি প্রকল্পের অনুমোদন করেছে।<br><br>গুরুত্বপূর্ণ দিকগুলি হল<br>অনুমোদিত প্রকল্পের মধ্যে 151  টি ইতিপূর্বেই সম্পন্ন হয়েছে, বাকিগুলির কাজ চলছে।<br><br>ডিস্ট্রিক্ট মিনারেল ফাউন্ডেশন **(DMF)** সম্পর্কিত তথ্য**-**<br>• খনি ও খনিজ উন্নয়ন নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, 2015 অনুযায়ী রাজ্য সরকার DMF গঠন করে থাকে।<br>• প্রতিটি ক্ষতিগ্রস্ত জেলায় এটি গঠন করা প্রয়োজন।<br>• ডিস্ট্রিক্ট মিনারেল ফাউন্ডেশন নামক একটি অলাভজনক সংস্থা হিসেবে এটি প্রতিষ্ঠিত হয়েছিল।<br>• DMF তহবিল- এটি কেন্দ্রীয় সরকার দ্বারা নির্ধারিত হার অনুযায়ী প্রত্যেক লাইসেন্সধারীর কাছ থেকে DMF-এ রয়্যালটি বাবদ এক তৃতীয়াংশ সংগ্রহ করে।<br>• এই তহবিল খনি এলাকার ক্ষতিগ্রস্ত মানুষদের কল্যাণে ব্যবহার করা হবে। |

| | |
|---|---|
| বিশ্ব আলঝেইমার দিবস, যা প্রতি **21**শে সেপ্টেম্বর পালন করা হয় | প্রসঙ্গ:<br>• বিশ্বব্যাপী আলঝেইমার রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে **21** শে সেপ্টেম্বর বিশ্ব আলঝেইমার দিবস হিসেবে পালন করা হয়।<br><br>আলঝেইমার রোগ সম্পর্কিত তথ্য-<br>• আলঝেইমার রোগ একটি ক্রমশঃ বৃদ্ধি পাওয়া নিউরোডিজেনারেটিভ ডিসঅর্ডার।<br>• এটি মস্তিষ্ককে প্রভাবিত করে যার ফলে স্মৃতিশক্তি হ্রাস, জ্ঞানীয় হ্রাস, আচরণগত পরিবর্তন, কথা বলা বা লেখার ক্ষেত্রে সমস্যা, দুর্বল বিচারশক্তি, মেজাজ এবং ব্যক্তিত্বের পরিবর্তন, সময় বা স্থান নিয়ে বিভ্রান্তি ইত্যাদি হয়ে থাকে।<br>• আলঝেইমার রোগ হল ডিমেনশিয়ার সবথেকে সাধারণ একটি কারণ এবং ডিমেনশিয়ার জন্য এটি 60-80% দায়ী।<br>• আলঝেইমার রোগের জন্য বর্তমানে কোন প্রতিকার নেই।<br>• উপলব্ধ ঔষধ এবং সহায়ক থেরাপি অস্থায়ীভাবে উপসর্গ কমাতে সাহায্য করে থাকে।<br>• ভারতে বৃদ্ধ জনসংখ্যার সংখ্যা যখন বৃদ্ধি পাবে ফলস্বরূপ 2030 সালের মধ্যে ডিমেনশিয়া এবং আলঝেইমার রোগীর সংখ্যা বেড়ে 7.6 মিলিয়ন হবে। |

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without prior permission of Adda247.*